বেড়ায় সড়ক দুর্ঘটনায় নিহত ১

বেড়া প্রতিনিধি: বগুড়া-নগরবাড়ী
মহাসড়কের পাটগাড়ি নামক স্থানে সড়ক
দুর্ঘটনায় ১ নিহত ও কমপক্ষে আটজন
আহত হয়েছে। আহতদের বেড়া উপজেলা
স্বাস্থ্য কমপ্লেক্সের ভর্তি করা
হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, রবিবার (২৪ এপ্রিল) সকাল সাড়ে আটটার দিকে সিরাজগঞ্জ থেকে ছেড়ে আসা পাবনাগামী শাহজালাল পরিবহণ নামক একটি যাত্রীবাহী বাস বেড়া নগরবাড়ী-বগুড়া মহাসড়কের পাটগাড়ি ব্রিজের নিকট পৌছামাত্র বাসটির সামনের চাকা ফেটে যায়।

এতে বাসটি নিয়ন্ত্রন হারিয়ে পাটগাড়ী সেতুর সঙ্গে প্রচন্ড জোরে ধাক্কা লাগে। এতে বাসটির সামনের অংশ দুমড়ে মুচড়ে যায়। এ সময় আটজন বাস যাত্রী আহত হয়। আহত আয়েজ উদ্দিন (৭০) বেড়া স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন আবস্থায় বেলা ১১টার দিকে মারা যায়।

আহত অন্যান্যরা হলেন জলিল (২৮), বাবুল (৩০), স্বপ্না রাণী (২৪), রিফাত (২৫), মোখলেছ (৪০), বাবু (২৪), আলামিন (২০) ও রাজেস (৩৭) কে বেড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

এদের মধ্যে স্বপ্না রাণীর অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে বলে বেড়া স্বাস্থ্য কম্প্লেক্স সূত্র নিশ্চিত করেছে।